

## জাতিসংঘ দিবসে মহাসচিব কফি আনানের বাণী

২৪ অক্টোবর ২০০৩

বিশ্বের সকল বন্ধুগণ, বিশ্ব এবং জাতিসংঘ উভয়ের জন্যই বর্তমান সময়টি অত্যন্ত জটিল।

ইরাকসহ অন্যান্য অঞ্চলে সংঘর্ষ এবং সন্ত্রাসের কারণে নিরীহ জনগণ প্রতিনিয়ত মৃত্যু ও দুর্ভোগের স্বীকার হচ্ছে। গত আগস্ট মাসে বাগদাদ হেড-কোয়ার্টারে জাতিসংঘ নিজেই একটি নিষ্ঠুর আক্রমণের স্বীকার হয়েছে। আমরা আমাদের কিছু নিকটতম বন্ধু ও সহকর্মীদের হারিয়েছি। বিশ্বের জনগণ অর্থাৎ আপনারা হারিয়েছেন আপনাদের কিছু ঘনিষ্ঠ এবং দায়িত্বশীল কর্মীদের।

কিন্তু এই জাতিসংঘ দিবসে আমরা যেন শোকার্ত ও ব্যথিত হয়ে না থাকি। বরঞ্চ আমাদের স্মরণ করা উচিত, ইরাকে আমাদের সহকর্মীদের কি লক্ষ্য ছিল; যুদ্ধ-বিধ্বস্ত অন্যান্য দেশে জাতিসংঘ কর্মীরা ক্ষত্রিস্তদের সাহায্য করার জন্য, শান্তি পুনস্থাপন এবং নতুন সংগঠন প্রতিষ্ঠার উদ্দেশ্যে যেভাবে কাজ করছেন, ঠিক সেভাবে যুদ্ধ-পরবর্তী ইরাকে ইরাকী জনগণকে দেশটির পুনর্গঠনে, নির্যাতিত এবং অসহায়দের সাহায্য করার জন্য তারা সেখানে ছিলেন।

বিশ্বের যেখানেই মানবতার সেবা করার প্রয়োজনীয়তা আছে, আমরা যেন সেখানেই তা করি। বিশ্বের জনগণের সর্বজনীন সমস্যার সর্বজনীন সমাধান খোঁজার জন্য আমাদের সহযোগিতা চালিয়ে যেতে হবে। এবং আমরা তা করব।

দারিদ্র, রোগ-ব্যাদি, আবহাওয়া পরিবর্তন এবং ক্ষুদ্র অস্ত্রের বিস্তার রোধে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে। গণবিধ্বংসী অস্ত্র বিস্তার এবং সন্ত্রাস দমনে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করব। আমাদের সামনে কোন বিকল্প নেই। জাতিসংঘকে একাধারে সকল হুমকী মোকাবিলা করতে হবে।

একাজগুলো সফলভাবে করার জন্য আন্তর্জাতিক ব্যাবস্থায় এমনকি জাতিসংঘেও পরিবর্তন আনাটা আবশ্যিক হতে পারে। ব্যাপক অর্থে বলতে গেলে আমি বিশ্বাস করি, আমাদের প্রতিষ্ঠান ৫৮ বছর ধরে মানবিকতার ইতিবাচক প্রকাশ ঘটিয়েছে। কিন্তু তা কখনই পূর্ণাঙ্গ ছিলনা এবং তার উন্নয়ন ঘটানোর জন্য হয়তো উপযুক্ত সময় এসেছে। সকল দেশের সরকারকে এ বিষয়ে চিন্তা করার জন্য আমি আকুল আবেদন জানাই এবং পরামর্শ দেবার জন্য আমি কিছু বিজ্ঞ নারী - পুরুষের একটি প্যানেলের নিয়োগ দিচ্ছি।

পরিনামে, রাষ্ট্রগুলো সিদ্ধান্ত নেবে। তবে জনগণ, আপনারা যদি স্পষ্টভাবে উল্লেখ করেন-কি ধরণের বিশ্বে আপনারা বসবাস করতে ইচ্ছুক, শুধুমাত্র তখনই রাষ্ট্রগুলো একটি ঐক্যে পৌছানোর উদ্যোগ গ্রহণ করবে। একাজগুলো করার জন্য আমি আপনাদের উপর আস্থাশীল এবং আমি বিশ্বাস করি যে, আপনারা যদি উচ্চ কঠোর এবং দৃঢ়ভাবে আপনাদের বক্তব্য পেশ করতে পারেন তবে এ সংকটকে জয় করা এবং আইনের বিধি অনুযায়ী একটি উন্নত বিশ্ব গড়ে তোলা আমাদের পক্ষে সম্ভব। আসুন আমরা সকলে আমাদের এবং আমাদের প্রজন্মের উন্নত ভবিষ্যত গঠনে দৃঢ়প্রতিজ্ঞ হই।

\*\* \*\* \*\* \*\* \*\*